দৈনিক ইত্তেফাক

37

তারিখ 20 DEC 1991
পৃষ্ঠা ১ কলাম ৬৩

২

# ছাত্র ভর্তির কোটা বৃদ্ধির দাবীতে
# রাজশাহীতে বোমাবাজি ভাংচুর

রাজশাহী অফিস ॥ উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ছাত্রে ভর্তির কোটা বৃদ্ধির দাবীতে রাজশাহী সরকারী বিশ্ববিদ্যালয় কলেজ এবং নিউ ডিগ্রী সরকারী কলেজে ছাত্র সংগঠনের মধ্যে উত্তেজনা চরম আকার ধারণ করিয়াছে। গতকাল (বৃহস্পতিবার) একটি ছাত্র সংগঠনের কিছু উত্তেজিত ছাত্র নিউ ডিগ্রী কলেজের অধ্যক্ষের অফিস কক্ষে ভাংচুর ও তছনছ করিয়া বোমা ফাটাইয়া এবং গুলী করিয়া কলেজ ক্যাম্পাসে সন্ত্রাস সৃষ্টি করে। কলেজ অধ্যক্ষ ছাত্রলীগ (আ-অ)-কে এই সন্ত্রাস সৃষ্টির জন্য দায়ী করিয়া বোয়ালিয়া থানায় জি ডি

(১০ম পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ছাত্র ভর্তির কোটা

( ১ম পৃঃ পর )

করিয়াছেন এবং কলেজ ষ্টাফ কাউন্সিল তাৎক্ষণিকভাবে একটি প্রতিবাদ সভা করিয়া উচ্ছৃংখল ছাত্রদের সন্ত্রাসী ও ধ্বংসাত্মক কার্যকলাপের তদন্ত ও বিচার দাবী করিয়া জেলা প্রশাসক ও পুলিশ প্রশাসনকে স্মারকলিপি দিয়াছেন। গত এক সপ্তাহ যাবৎ এই কলেজে ছাত্র ভর্তির কোটা বৃদ্ধির দাবীতে কলেজ কর্তৃপক্ষ ও ছাত্র সংগঠনের মধ্যে আলোচনা চলিয়া আসিতেছে। গত বুধবার ছাত্রলীগ ও ছাত্রমৈত্রীর সমর্থকদের মধ্যে কলেজ ক্যাম্পাসে এব্যাপারে উত্তেজনার সৃষ্টি হয়। দুপুরে মিছিল, পাল্টা মিছিল ও ধাওয়া-পাল্টা ধাওয়া এবং দুইটি ককটেল ফাটানো হয়। ছাত্রলীগ ও ছাত্রমৈত্রী সন্ত্রাসী কার্যকলাপের জন্য একে অপরকে দায়ী করে। অধ্যক্ষ জানান : গতকাল সকাল হইতে সুষ্ঠুভাবেই ক্লাস চলিতেছিল। দুপুর সাড়ে ১২টার দিকে তাঁহার অফিস কক্ষে কয়েকজন ছাত্র উত্তেজনাপূর্ণ বক্তৃতা করে এবং দুইজন বহিরাগত তাঁহার অফিসে ঢুকিয়া প্রথমে একটি চেয়ার তুলিয়া টেবিলে এবং কয়েকটি মেঝেতে আছড়াইয়া মারে। ফলে অফিসকক্ষের টেবিল, কাঁচ ও আসবাবপত্র ক্ষতিগ্রস্ত হয়। পরে তাহারা বাহিরে গেলে একটি বোমার শব্দ শোনা যায়। প্রত্যক্ষদর্শী ছাত্ররা জানায়, তাহাদের হাতে পিস্তল ও বোমা ছিল। ৪/৫টি গুলীর শব্দ ও ৩/৪টি ককটেলের শব্দ শুনিয়া ছাত্র-ছাত্রীদের মধ্যে ছুটোছুটি ও কান্নাকাটি শুরু হইয়া যায়। ছাত্রলীগ আগামীকাল (শনিবার) কলেজে ধর্মঘট ডাকিয়াছে। ছাত্রমৈত্রী, ছাত্রলীগ (না-স) এবং শিবির, ছাত্রলীগ (আ-অ) এবং ছাত্রদলকে এই সন্ত্রাসী ঘটনার জন্য দায়ী করিয়া বিবৃতি দিয়াছে। অপর দিকে ছাত্র ভর্তি কোটা বৃদ্ধি র দাবীতে গতকাল বৃহস্পতিবার ছাত্রদল রাজশাহী বিশ্ববিদ্যালয় কলেজের অফিস ও ক্লাশ কক্ষে তালা ঝুলাইয়া দেয়। গত বুধবার গভীর রাতে কলেজের অধ্যক্ষ ডঃ শামসুর রহমানের দরোগাপাড়াস্থ কলেজ বাসভবনের সামনে একটি বোমা নিক্ষেপ করা হয়। বোমার শব্দে অধ্যক্ষের বাসভবন ও এলাকাবাসী ভীতসন্ত্রস্ত হইয়া পড়ে। প্রায় এক সপ্তাহ পূর্বে ছাত্র ভর্তির কোটা বৃদ্ধির দাবীতে একবার কলেজ অধ্যক্ষের কক্ষ ভাংচুর ও অধ্যাপকদের কয়েকজনকে লাঞ্ছিত করা হয়। গতকাল রাজশাহী কলেজে অধ্যক্ষের সভাপতিত্বে ষ্টাফ কাউন্সিলের সভায় এই সকল সন্ত্রাসী কার্যকলাপের প্রতিবাদ জানানো হয়।